তারিখ 27 SEP 2016
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৬

দৈনিক আমাদের সময়

# কবি নজরুল বিশ্ববিদ্যালয়ে নতুন ৩ অনুষদ চালু হচ্ছে

ত্রিশাল প্রতিনিধি ●

ময়মনসিংহের ত্রিশালের জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ে ২০১৬-১৭ শিক্ষাবর্ষ থেকেই চালু হচ্ছে নতুন ৩টি অনুষদ। বিশ্ববিদ্যালয়ের উপ-পরিচালক (জনসংযোগ) উপাচার্য দপ্তরের এসএম হাফিজুর রহমান জানান, ২০১৬-১৭ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষায় সামাজিক বিজ্ঞান অনুষদের অধীনে নতুন ৩টি বিভাগ চালু হচ্ছে। বিভাগগুলো হচ্ছে পপুলেশন সায়েন্স, নৃ-বিজ্ঞান, স্থানীয় সরকার ও নগর উন্নয়ন বিভাগ।

তিনি আরও জানান, বিশ্ববিদ্যালয়ের ৪টি অনুষদে ১৯টি বিভাগে প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ৫টি ইউনিটে আগামী ২৪ থেকে ২৮ নভেম্বর পর্যন্ত ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ১ অক্টোবর থেকে ১২ নভেম্বর পর্যন্ত ভর্তির আবেদন গ্রহণ করা হবে। এ ছাড়া ২৪ নভেম্বর 'ক', ২৫ নভেম্বর 'খ', ২৬ নভেম্বও 'গ', ২৭ নভেম্বও 'ঘ' এবং ২৮ নভেম্বর 'ঙ' ইউনিটের পরীক্ষা অনুষ্ঠিত হবে।

ভর্তি পরীক্ষার অন্যান্য তথ্যাদি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.jkkniu.edu.bd)-এ জানা যাবে।